

## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৪ সেপ্টেম্বর' ২০২৩ খ্রি.

### নগরীতে বসবাসকারি সেবকদের দুই মাসব্যাপী বিনামূল্যে “হেপাটাইটিস বি” সংক্রমণ স্ক্যানিং কার্যক্রমের অবহিতকরন সভা অনুষ্ঠিত

ইউএসসিডিসি’র অর্থায়নে সেভ দ্য চিলড্রেন এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনের যৌথ উদ্যোগে নগরীতে বসবাসকারি সেবকদের বিগামূল্যে “হেপাটাইটিস বি” সংক্রমণ স্ক্যানিং ও জনসচেতনেতা শীর্ষক এক সভা আজ বৃহস্পতিবার দুপুরে চসিক জেনারেল হাসপাতাল মিলনায়তনে অনুষ্ঠিত হয়।

চসিক স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ মোহাম্মদ ইমাম হোসেন রানা’র সভাপতিত্বে ভ্যাকসিনেশন ইনচার্জ মোঃ আবু ছালেহ সঞ্চালনায় অনুষ্ঠিত উপস্থিতি ছিলেন মেডিকেল অফিসার ইনচার্জ ডাঃ মোঃ রাশেদুল ইসলাম, জোনাল মেডিকেল অফিসার ডাঃ মোঃ রফিকুল ইসলাম, ডাঃ তপন কুমার চক্রবর্তী, ডাঃ মোঃ হাসান মুরাদ চৌধুরী, ডাঃ সুমন তালুকদার, ডাঃ আকিল মাহমুদ নাফে, ডাঃ জুয়েল মহাজন। সেভ দ্য চিলড্রেন এর পাবলিক হেলথ বিশেষজ্ঞ ডাঃ বুশরা তাবাসুম হেপাটাইটিস বি সংক্রমণ স্ক্যানিং কার্যক্রম সম্পর্কে তথ্য সভাকে অবহিত করেন।

ইউএসসিডিসি এর অর্থায়নে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় ২১,২৭ ও ৩২নং ওয়ার্টের আওতায় বসবাসরত পাঁচশত জন সেবকদের দুই মাসব্যাপী হেপাটাইটিস বি সংক্রমণ পরীক্ষা করা হয়। এতে ০.৪% সেবকদের হেপাটাইটিস বি ইনফেকশন ধরা পড়ে। এছাড়াও সেবকদেরকে হেপাটাইটিস বি সংক্রমণ বিষয়ে তাদেরকে উদ্বৃদ্ধ করা হয় এবং রাবার গ্লাভস প্রদান করা হয়।

ডাঃ বুশরা তাবাসুম জানান, ভবিষ্যতেও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় এ ধরনের কার্যক্রম অব্যহত থাকবে।

“হেপাটাইটিস বি” সংক্রমণ স্ক্যানিং কার্যক্রমের “অবহিতকরণ সভায়” সভায় বক্তব্য রাখছেন স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ মোহাম্মদ ইমাম হোসেন রানা।

“ক্ষুদে ডাঙ্গার কর্তৃক শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা” কার্যক্রম সম্পর্কিত আয়োজিত এ্যাডভোকেসী সভায় বক্তব্য রাখছেন এমও ইনচার্জ ডাঃ মোঃ রাশেদুল ইসলাম।

### ১৭-২৩ সেপ্টেম্বর বিদ্যালয়ে ক্ষুদে ডাঙ্গার কর্তৃক শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা বাস্তবায়নের নিমিত্তে এ্যাডভোকেসী সভা অনুষ্ঠিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় অবহিত স্কুল সমূহে ক্ষুদে ডাঙ্গার এর স্বাস্থ্য পরীক্ষা কার্যক্রম ১৭ থেকে ২৩ সেপ্টেম্বর অনুষ্ঠিত হতে যাচ্ছে। এ কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের লক্ষে চসিক জেনারেল হাসপাতাল মিলনায়তনে আজ বৃহস্পতিবার সকালে এ্যাডভোকেসী সভা অনুষ্ঠিত হয়।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেমন মাত্সদন হাসপাতালের ইনচার্জ ডাঃ মোঃ রাশেদুল ইসলাম এর সভাপতিত্বে ভ্যাকসিনেশন ইনচার্জ মোঃ আবু ছালেহ পরিচালনায় অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ মোঃ ইমাম হোসেন রানা, জোনাল মেডিকেল অফিসার ডাঃ মোঃ রফিকুল ইসলাম, ডাঃ তপন কুমার চক্রবর্তী, ডাঃ মোঃ হাসান মুরাদ চৌধুরী, ডাঃ সুমন তালুকদার, ডাঃ আকিল মাহমুদ নাফে, ডাঃ জুয়েল মহাজন। উপস্থিতি ছিলেন চসিকের জনসংযোগ কর্মকর্তা ও সিটি মেয়ার’র প্রটোকল অফিসার আজিজ আহমেদ, সহকারী পরিদর্শক জেলা শিক্ষা অফিস মোঃ আলমগীর হোসেন, থানা শিক্ষা কর্মকর্তা মোঃ মোস্তাক আহমেদ। মূল কর্মসূচী সম্পর্কে বিভিন্ন তথ্য উপস্থাপন করেন জোনাল মেডিকেল অফিসার ডাঃ হাসান মুরাদ চৌধুরী।

বক্তাগণ বলেন, ১৭ থেকে ২৩ সেপ্টেম্বর নগরীর প্রতিটি স্কুলে ক্ষুদে ডাঙ্গারদের স্বাস্থ্য পরীক্ষা কার্যক্রম পরিচালিত হবে। চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় অবহিত সকল প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়সমূহে ৫-১৬ বছরের ছাত্র ছাত্রীদেরকে ওজন, উচ্চতা এবং চোখ এর দৃষ্টি পরীক্ষা করা হবে। এছাড়াও স্বাস্থ্য পরীক্ষা কার্যক্রমের পাশাপাশি বিভিন্ন স্বাস্থ্য শিক্ষামূলক বার্তা সমূহ শিক্ষার্থীদের অবিহিত করা হবে। পূর্বের ন্যায় উক্ত কর্মসূচীর সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে চসিক স্বাস্থ্য বিভাগ ব্যাপক কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮